AD matt-2 DAE
10.8.2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
প্রকল্প প্রস্তুতকরণ অধিশাখা



কৃষিই সমৃদ্ধি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "পিআইইউ-এনএটিপি২-ডিএই" শীর্ষক প্রকল্পের 'প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি)' ৯ম সভার কার্যবিবরণী (Meeting minutes)।

সভাপতি	ড. মোঃ আবদুল মুঈদ মহাপরিচালক
সভার তারিখ	১২.০৭.২০২০ খ্রিঃ
সভার সময়	অপরাহ্ন ২:৩০ ঘটিকা
স্থান	Zoom Cloud এর মাধ্যমে
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' এ সংযুক্ত

"পিআইইউ-এনএটিপি২-ডিএই (পিআইসি)"- প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি তথা মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে সভা আরম্ভ হয়। সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যকে সভায় স্বাগত জানান এবং কমিটির সদস্য-সচিব ও পরিচালক, 'পিআইইউ-এনএটিপি২-ডিএই' জনাব আজহারুল ইসলাম সিদ্দিকী কে সভার বিষয় সূচি ভিত্তিক বক্তব্য উপস্থাপনার জন্য অনুরোধ জানান। জনাব সিদ্দিকী পরিচালক পদের দায়িত্ব গ্রহণোত্তর প্রকল্প বাস্তবায়ন কমিটির ১ম এ সভায় উপস্থিত সকল সদস্যের সহিত সৌজন্য বিনিময় করেন এবং প্রকল্প কার্যক্রমে উত্তরোত্তর সাফল্য অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সভার বিষয় সূচি ভিত্তিক উপস্থাপনায় সকল সদস্যের মনযোগ আকর্ষণ করেন।

বিষয় সূচি ১: পিআইসি'র ৮ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা

কমিটির সদস্য-সচিব জনাব আজহারুল ইসলাম সিদ্দিকী পিআইসি'র ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তবলির বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন, সিদ্ধান্তবলির অনুকূলে গৃহীত পদক্ষেপ ও অগ্রগতি পর্যালোচনান্তে সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন। অগ্রগতির উপস্থাপিত বিবরণ নিম্নরূপ:

#	সিদ্ধান্ত	অগ্রগতি
১	সাফল্যজনক প্রযুক্তিসমূহ দ্রুত বিস্তারের লক্ষ্যে এক্সপোজার ভিজিট, মাঠ দিবস, ইত্যাদি সম্প্রসারণ কার্যক্রমের প্রতি বিশেষ গুরুত্ব প্রদানের জন্য অনুরোধ জানানো হয়	১। প্রকল্পভুক্ত প্রযুক্তিসমূহের দ্রুত বিস্তার কার্যক্রমে তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। ২। কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্যগত সতর্কতা ও সচেতনা অনুসরণ ও প্রতিপালনপূর্বক কার্যকর সম্প্রসারণ পদ্ধতি যেমন-অডিও/অডিও-ভিজুয়েল সংযোগ জোরদার করা হয়েছে, প্রযুক্তি সম্প্রসারণের সর্বোৎকৃষ্ট মাধ্যম বিধায় লক্ষ্যস্থিত প্রদর্শনী যথাসময়ে ও সাফল্যজনকভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে প্রদর্শনী উপকরণ কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়া হয়েছে এবং সামাজিক/শারীরিক দূরত্ব বজায় রেখে অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হচ্ছে; ফলে কোভিড-১৯ জনিত দুর্যোগের মাঝেও যথাসম্ভব সুফল পরিস্ফুটিত হয়েছে এবং অগ্রগতি সাধিত হচ্ছে।
২	এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্পে সাম্প্রতিক সময়ে বাজারজাতকৃত ও কৃষক পর্যায়ে সম্প্রসারণযোগ্য নতুন যন্ত্রপাতি যেমন-হার্ভেস্টার, অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ জানানো হয়।	এআইএফ-২ উপ-প্রকল্পে কম্বাইন্ড হার্ভেস্টার/রিপারসহ নতুন আবিষ্কৃত এবং বহুল উপযোগী ও ব্যবহার্য কৃষি যন্ত্রপাতি অন্তর্ভুক্তকরণের জন্য সিআইজি-সমূহকে উদ্বুদ্ধকরণ কার্যক্রমে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে।

৩	বিস্তারিত আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে উপস্থাপিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনা ও সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (RADP) ২০১৯-২০ সভায় অনুমোদিত হয়।	অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনা ও সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (RADP) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরে প্রকল্প কার্যক্রম যথারীত বাস্তবায়ন করা হয়েছে।

বিষয় সূচি ২: প্রকল্প কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত উপস্থাপনার প্রারম্ভে জনাব আজহারুল ইসলাম সিদ্দিকী প্রকল্পের উদ্দেশ্য (PDO) এবং উদ্দেশ্যসমূহ অর্জনের লক্ষ্যে লক্ষ্যস্থিত কার্যক্রমের ওপর সংক্ষিপ্ত আলোকপাত করেন। এতদ্‌বিষয়ক আলোচনাকালে প্রকল্পে নির্বাচিত ১২টি ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি (ধান-১৪%, গম-১০%, টমেটো-২০%, বেগুন-২৫%, কলা-১৫%, মুসুর-১৬%, সরিষা-১২%, ভুট্টা-১২%, আলু-৮%, পিঁয়াজ-১০%, রসুন-১০% ও মুগ-১৬%) সংশ্লিষ্ট কার্যক্রম জোরদারকরণে সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

জনাব সিদ্দিকী সভাকে অবহিত করেন যে কোভিড-১৯ সংকটকালে প্রকল্পভুক্ত ২৭১৫০ টি সিআইজি'র মবিলাইজেশন কার্যক্রম যথারীতি পরিচালনায় বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে, তবুও সিআইজি সভা, সঞ্চয় কার্যক্রমে শতভাগ সিআইজি সদস্যের কিস্তি পরিশোধ, সিআইজি'র আয় বর্ধনশীল কার্যক্রমে বিনিয়োগ, ইত্যাদি ক্ষেত্রে কোভিড-১৯ সংকটের প্রভাব পরিলক্ষিত হচ্ছে; যেমন- মাসিক সভা পরিচালিত হয় এমন সিআইজি'র সংখ্যা ইতোমধ্যে ১০০% হতে কমে দাঁড়িয়েছে মাত্র ৫২%, আয়বর্ধনশীল কার্যক্রমে বিনিয়োগ ৯২% হতে কমে দাঁড়িয়েছে ৬৮%, শেয়ার বন্টনের ফলে সিআইজি সঞ্চয় তহবিলের তহবিল শূন্যতা, ইত্যাদি। কোভিড-১৯ এর এহেন প্রভাবের কারণে ব্যালেন্স স্কোর কার্ড মূল্যায়নে সিআইজি'সমূহের গ্রেডগত অবস্থানেও অনাকাঙ্ক্ষিত অবনতি ক্রমেই স্পষ্ট হয়ে উঠছে।

সিআইজি-সমূহের নিবন্ধন সম্পর্কিত অগ্রগতির ব্যাখ্যা প্রদান পূর্বক জনাব সিদ্দিকী অবহিত করেন যে জুন ২০২০ মাসের প্রাপ্ত তথ্য অনুযায়ী নিবন্ধন প্রাপ্ত সিআইজি'র সংখ্যা ৭৯%, শতভাগ সিআইজি নিবন্ধীকরণের কার্যক্রম চলমান রয়েছে, কোভিড-১৯ এর কারণে জুন ২০২০ পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে অন্তরায় সৃষ্টি হয়েছে। অতঃপর পরিচালক, এনএটিপি২-ডিএই ও কমিটির সদস্য-সচিব জনাব সিদ্দিকী আরএডিপি (RADP) ২০১৯-২০ এবং ডিপিপি (DPP) এর লক্ষ্যমাত্রার ভিত্তিতে প্রকল্প কার্যক্রমের নিম্নরূপ অগ্রগতি সভায় উপস্থাপন করেন:

ক. সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. সিআইজি মাইক্রো পরিকল্পনা (CMP)	২৭১৫০	১০০%	১০৮৬০০	(৮০%)
২. ইউনিয়ন সম্প্রসারণ মাইক্রো পরিকল্পনা (UEMP)	২৭১৫	১০০%	১০৮৬০	(৮০%)
৩. উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা (UzEP)	২৭০	১০০%	১০৮০	(৮০%)

জনাব সিদ্দিকী উল্লেখ করেন যে কৃষকদের নিরূপিত প্রধান সমস্যাসমূহের মধ্যে নিম্নোক্ত সমস্যাসমূহ সম্প্রসারণ পরিকল্পনায় বিশেষভাবে স্থান পায়:

- ধান ও গমের ফলন পার্থক্য
- নব উদ্ভাবিত বীজের অপ্রতুল প্রাপ্তি
- মাটির উর্বরতা শক্তি কমার কারণে উৎপাদনশীলতা হ্রাস
- ধান ও গমে স্মাট রোগসহ অন্যান্য রোগ ও পোকার প্রাদুর্ভাব/আক্রমণ
- উৎপাদিত পণ্যের যথাযথ বাজার সুবিধার ঘাটতি ও নিম্ন বাজার মূল্য
- মৌসুমে প্রয়োজনীয় সংখ্যক কৃষি শ্রমিকের সংকট ও অধিক শ্রম মজুরী
- বাজার সুবিধা ও শ্রমিক সংকটের কারণে ফসলের সংগ্রহোত্তর ক্ষতি, ইত্যাদি।

খ. প্রশিক্ষণ

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (জন-সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (জন-সংখ্যা)	অর্জিত (%)
১. সিআইজি কৃষক প্রশিক্ষণ	৪৩৫০৬০	১০০%	১৮৬০৪৫০	৯০%

২. সিআইজি লিডার প্রশিক্ষণ	৪২৪২০	১০০%	১৬৯৬৮০	১০০%
৩. এগ্রো-ইনপুট ডিলার/ট্রেডার	-	-	৮১০০	১০০%
৪. সিআইজি ও নন-সিআইজি টেকনোলজি শেয়ারিং ট্রেনিং	-	-	২৭১৫০০	১০০%
৫. প্রডিওসার অর্গানাইজেশন সদস্যদের প্রশিক্ষণ	১৮০০০	১০০%	১৮০০০	১০০%
৬. ডিএই কর্মকর্তাদের প্রশিক্ষণ	১৯৪০	১০০%	৯১৪০	৮৯%
৭. এসএএও এবং ডিএই স্টাফ প্রশিক্ষণ	১০৯৬০	১০০%	৫২৯৮০	৯৭%

গ. প্রযুক্তি সম্প্রসারণ: প্রদর্শনী, মাঠ দিবস ও এক্সপোজার ভিজিট

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. প্রযুক্তি প্রদর্শনী	২২৯৫৫	১০০%	১৩৫০২৪	৯৩%
২. কমিউনিটি বীজ উৎপাদন	৬৩৪১	১০০%	৩৭২৯০	৯৩%
৩. ভেলিডেশন ট্রায়াল	২৭০	১০০%	১০৮০	১০০%
৪. মাঠ দিবস-প্রযুক্তি প্রদর্শনী	২৯৮৩	১০০%	১৪৯১৬	৯০%
৫. মাঠ দিবস-ভেলিডেশন ট্রায়াল	২৭০	১০০%	১০৮০	৯৪%
৬. এক্সপোজার ভিজিট	২৭০	১০০%	১৩৫০	৮০%

প্রশিক্ষণ, প্রযুক্তি প্রদর্শনী ও ভেলিডেশন ট্রায়াল স্থাপনের প্রযুক্তিগত ক্ষেত্রসমূহ

- উৎপাদন বৃদ্ধি প্রযুক্তি
- ক্লাইমেট স্মার্ট কৃষি প্রযুক্তি
- পরিবেশ বান্ধব কৃষি প্রযুক্তি
- ফসল সংগ্রহোত্তর ক্ষতি হ্রাস
- নব উদ্ভাবিত জাত-ভেলিডেশন ট্রায়াল

ঘ. প্রদর্শনীর নমুনা শস্য কর্তন ফলাফল

সদস্য-সচিব ও পরিচালক, এনএটিপি২-ডিএই স্থাপিত প্রদর্শনীসমূহের মধ্যে কতিপয় প্রদর্শনীর নমুনা শস্য কর্তনের গড় ফলাফল উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

প্রদর্শনী প্রযুক্তি	ফসল	ফসলের জাত	ফলন (টন/হেঃ)	
			প্রদর্শনী	কৃষক প্লট
ফলন পার্থক্য হ্রাস	বোরো	ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৯, ইত্যাদি	৫.৫২-৫.১৮	৪.৩-৪.৫২
নব উদ্ভাবিত জাতের চাষ	মুসুর	বারি মুসুর ৬, বারি মুসুর ৮, ইত্যাদি	১.৩-১.৮	১.০-১.৩
উচ্চ মূল্য ফসলের চাষ	গ্রীষ্মকালীন টমেটো	বারি হাইব্রিড ৪, বারি হাইব্রিড ৮	৩২.৯২-৩৪.০১	২৮.৫-৩০.০
ফেরোমন ফাঁদ ব্যবহার	লাউ	বারি লাউ ২, বারি লাউ ৩, বারি লাউ ৪, ইত্যাদি	৩৩.০-৪০.০	২৫.০-২৯.০
ভ্যালিডেশন ট্রায়াল	রোপা আমন	ব্রি ধান৭২, ব্রি ধান৭৩, ইত্যাদি	৪.১৭-৪.৩৯	৪.০৪-৪.০৯
ভ্যালিডেশন ট্রায়াল	গম	বারি গম ৩১, বারি গম ৩২, বারি গম ৩৩	৩.৭১-৩.৮	৩.১৫-৩.২১

ঙ. ফলদ গাছের আধুনিক ও উন্নত জাত সম্প্রসারণের লক্ষ্যে নির্বাচিত হর্টিকালচার সেন্টারে মানসম্মত চারা/কলম উৎপাদন

জনাব সিদ্দিকী সভাকে অবহিত করেন যে প্রকল্পের আওতায় ফলদ গাছের উন্নত জাত সম্প্রসারণ কার্যক্রমের অধীন ডিএই'র ২০টি নির্বাচিত উদ্যান নার্সারিতে এ পর্যন্ত আধুনিক/নতুন জাতের ৬৭৬৩১৫ টি চারা/কলম উৎপাদন করা হয়েছে এবং উৎপাদিত চারা আগ্রহী সিআইজি/নন-সিআইজি কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে এবং চারা গ্রহণকারী কৃষকদের সংরক্ষিত তালিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। উৎপাদিত চারা/কলমের উল্লেখযোগ্য জাতসমূহের মধ্যে রয়েছে: আম (বারি আম ৪/বারি আম ১১), মাল্টা (বারি মাল্টা ১), নারিকেল, লিচু (বারি লিচু ৩), পেয়ারা (থাই পেয়ারা ৫, থাই পেয়ারা ৭), ইত্যাদি।

চ. আন্তঃবিভাগীয় সমন্বয় ও লিংকেজ

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. ইউইসিসি: সম্প্রসারণ পরিকল্পনা অনুমোদন	২৭০	১০০%	১৩৫০	৮০%

২. সিআইজি লিডার প্রশিক্ষণ	৪২৪২০	১০০%	১৬৯৬৮০	১০০%
৩. এগ্রো-ইনপুট ডিলার/ট্রেডার	-	-	৮১০০	১০০%
৪. সিআইজি ও নন-সিআইজি টেকনোলজি শেয়ারিং ট্রেনিং	-	-	২৭১৫০০	১০০%
৫. প্রডিওসার অর্গানাইজেশন সদস্যদের প্রশিক্ষণ	১৮০০০	১০০%	১৮০০০	১০০%
৬. ডিএই কর্মকর্তাদের প্রশিক্ষণ	১৯৪০	১০০%	৯১৪০	৮৯%
৭. এসএএও এবং ডিএই স্টাফ প্রশিক্ষণ	১০৯৬০	১০০%	৫২৯৮০	৯৭%

গ. প্রযুক্তি সম্প্রসারণ: প্রদর্শনী, মাঠ দিবস ও এক্সপোজার ভিজিট

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. প্রযুক্তি প্রদর্শনী	২২৯৫৫	১০০%	১৩৫০২৪	৯৩%
২. কমিউনিটি বীজ উৎপাদন	৬৩৪১	১০০%	৩৭২৯০	৯৩%
৩. ভেলিডেশন ট্রায়াল	২৭০	১০০%	১০৮০	১০০%
৪. মাঠ দিবস-প্রযুক্তি প্রদর্শনী	২৯৮৩	১০০%	১৪৯১৬	৯০%
৫. মাঠ দিবস-ভেলিডেশন ট্রায়াল	২৭০	১০০%	১০৮০	৯৪%
৬. এক্সপোজার ভিজিট	২৭০	১০০%	১৩৫০	৮০%

প্রশিক্ষণ, প্রযুক্তি প্রদর্শনী ও ভেলিডেশন ট্রায়াল স্থাপনের প্রযুক্তিগত ক্ষেত্রসমূহ

- উৎপাদন বৃদ্ধি প্রযুক্তি
- ক্লাইমেট স্মার্ট কৃষি প্রযুক্তি
- পরিবেশ বান্ধব কৃষি প্রযুক্তি
- ফসল সংগ্রহোত্তর ক্ষতি হ্রাস
- নব উদ্ভাবিত জাত-ভেলিডেশন ট্রায়াল

ঘ. প্রদর্শনীর নমুনা শস্য কর্তন ফলাফল

সদস্য-সচিব ও পরিচালক, এনএটিপি২-ডিএই স্থাপিত প্রদর্শনীসমূহের মধ্যে কতিপয় প্রদর্শনীর নমুনা শস্য কর্তনের গড় ফলাফল উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

প্রদর্শনী প্রযুক্তি	ফসল	ফসলের জাত	ফলন (টন/হেঃ)	
			প্রদর্শনী	কৃষক প্লট
ফলন পার্থক্য হ্রাস	বোরো	ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৯, ইত্যাদি	৫.৫২-৫.১৮	৪.৩-৪.৫২
নব উদ্ভাবিত জাতের চাষ	মুসুর	বারি মুসুর ৬, বারি মুসুর ৮, ইত্যাদি	১.৩-১.৮	১.০-১.৩
উচ্চ মূল্য ফসলের চাষ	গ্রীষ্মকালীন টমেটো	বারি হাইব্রিড ৪, বারি হাইব্রিড ৮	৩২.৯২-৩৪.০১	২৮.৫-৩০.০
ফেরোমন ফাঁদ ব্যবহার	লাউ	বারি লাউ ২, বারি লাউ ৩, বারি লাউ ৪, ইত্যাদি	৩৩.০-৪০.০	২৫.০-২৯.০
ভ্যালিডেশন ট্রায়াল	রোপা আমন	ব্রি ধান৭২, ব্রি ধান৭৩, ইত্যাদি	৪.১৭-৪.৩৯	৪.০৪-৪.০৯
ভ্যালিডেশন ট্রায়াল	গম	বারি গম ৩১, বারি গম ৩২, বারি গম ৩৩	৩.৭১-৩.৮	৩.১৫-৩.২১

ঙ. ফলদ গাছের আধুনিক ও উন্নত জাত সম্প্রসারণের লক্ষ্যে নির্বাচিত হর্টিকালচার সেন্টারে মানসম্মত চারা/কলম উৎপাদন

জনাব সিদ্দিকী সভাকে অবহিত করেন যে প্রকল্পের আওতায় ফলদ গাছের উন্নত জাত সম্প্রসারণ কার্যক্রমের অধীন ডিএই'র ২০টি নির্বাচিত উদ্যান নার্সারিতে এ পর্যন্ত আধুনিক/নতুন জাতের ৬৭৬৩১৫ টি চারা/কলম উৎপাদন করা হয়েছে এবং উৎপাদিত চারা আগ্রহী সিআইজি/নন-সিআইজি কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে এবং চারা গ্রহণকারী কৃষকদের সংরক্ষিত তালিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। উৎপাদিত চারা/কলমের উল্লেখযোগ্য জাতসমূহের মধ্যে রয়েছে: আম (বারি আম ৪/বারি আম ১১), মাল্টা (বারি মাল্টা ১), নারিকেল, লিচু (বারি লিচু ৩), পেয়ারা (থাই পেয়ারা ৫, থাই পেয়ারা ৭), ইত্যাদি।

চ. আন্তঃবিভাগীয় সমন্বয় ও লিংকেজ

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. ইউইসিসি: সম্প্রসারণ পরিকল্পনা অনুমোদন	২৭০	১০০%	১৩৫০	৮০%

২. ইউইসিসি: ত্রয়োমাসিক সভা	১০৮০	১০০%	৬৪৮০	৭৫%
৩. ডিইসিসি সভা	২২৮	১০০%	১৩৬৮	৭৬%
৪. এনইসিসি সভা	-	১	১২	২৫%

ছ. ওয়ার্কশপ

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. সেন্ট্রাল ওরিয়েন্টেশন ওয়ার্কশপ	-	-	২	১০০%
২. রিজিওনাল প্রোগ্রেস রিভিউ ওয়ার্কশপ	৮	১০০%	৪৮	৬৭%

জ. অ্যাগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড

জ.১ এআইএফ-২

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি		অ্যাওয়ার্ডেড পুরুষ সিআইজি (সংখ্যা)	অ্যাওয়ার্ডেড মহিলা সিআইজি (সংখ্যা/ %)	আর্থিক মূল্যমান (মিলিয়ন টাকা)
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (সংখ্যা/ %)			
এআইএফ-২ ম্যাচি গ্রান্ট অ্যাওয়ার্ড	৬৬৪	১০০%	১৩২০	১১৭৩ (৮৯%)	৮৮৯	২৮৪ (২৪.২১)	৩৪৪.০৯

উপ-প্রকল্পে ক্রয়কৃত যন্ত্রপাতি: পাওয়ার টিলার-১৫৯২টি, থ্রেসার-৯৪২টি, রিপার-১৬৩টি, পিক-আপ ভ্যান-৭১টি, এলএলপি-৩৪৬টি ও অন্যান্য।

জ.২ এআইএফ-৩

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি		অ্যাওয়ার্ডেড পুরুষ উদ্যোক্তা (সংখ্যা)	অ্যাওয়ার্ডেড মহিলা উদ্যোক্তা (সংখ্যা / %)	আর্থিক মূল্যমান (মিলিয়ন টাকা)
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (সংখ্যা/ %)			
এআইএফ-৩ ম্যাচি গ্রান্ট অ্যাওয়ার্ড	২৪	১০০%	২৪০	৭২ (৩০%)	৬৩	৯ (১৩%)	৩৬.৭৫

উপ-প্রকল্পে ক্রয়কৃত যন্ত্রপাতি/সরঞ্জাম: পিক-আপ ভ্যান-৪৮টি, উইনোয়ার-৬১টি, মধু সংগ্রহের বাক্স-৫০টি, প্যাকেজিং মেশিন-৫টি, ভার্মি কম্পোস্ট প্লান্ট-৫টি, প্লাস্টিক ক্র্যাট-৫১৪৫টি ও অন্যান্য।

জ.৩ এআইএফ-২ ও এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্পের মাধ্যমে লব্দ ফলাফলের নমুনা

ক্রয়কৃত যন্ত্রপাতি		উপকারভোগী কৃষক সংখ্যা			আওতাভুক্ত জমির পরিমাণ (হেঃ)	সিআইজি প্রতি গড় আয় (টাকা)
নাম	সংখ্যা	সিআইজি	নন-সিআইজি	মোট		
পাওয়ার টিলার	১৫৯২	১৯৯০০	১৯১০৪০	২১০৯৪০	৫০৬২৫৬	২০০০০০-২৫০০০০/-
রিপার	১৬৩	৩২৬০	১৫৬৪৮	১৮৯০৮	৯৫২৯৫	১৫০০০০-১৫০০০০/-
থ্রেসার	৯৪২	৫৬২৫	২৪৪৪৮	৩০০৭৩	৫৬৬১	৭৫০০০-১০০০০০/-
পিক-আপ ভ্যান	১১৯	২১৩০	৮৫২০	১০৬৫০	০	২০০০০০-৩০০০০০/-
এলএলপি	৩৪৬	২৮৭৫	১০৯২৫	১৩৮০০	২০৬৯৭	৬০০০০-৭৫০০০/-
কর্ণ থ্রেসার	৬০	১৫০০	৫৪০০	৬৯০০	৮২৮০	৫০০০০-৬০০০০/-
সিডার	৩৩	৮২৫	৩১৩৫	৩৯৬০	৭৫০	৪০০০০-৫০০০০/-
মোট		৩৬১১৫	২৫৯১১৬	২৯৫২৩১	৬৩৬৮৩৯	

* ক্রয়কৃত যন্ত্রপাতি/আইটেমসমূহের তথ্যাদি উপস্থাপন করা হয়েছে।

ঝ. কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্র (ফিয়াক)

ফিয়াক সম্পর্কিত আলোচনায় জনাব সিদ্দিকী সভাকে অবহিত করেন যে প্রকল্পের লক্ষ্যস্থিত ১৬২১ টি (১০০%) ফিয়াক স্থাপনান্তে এগুলোর কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে এবং আসবাবপত্র, মোবাইল ট্যাব, সিড ময়েশ্চার মিটার, ফুট পাম্প, ফিতা পাইপ, ইত্যাদি সরবরাহ করে প্রতিটি ফিয়াককের সমৃদ্ধি বৃদ্ধি করা হচ্ছে। ফিয়াকে সিড এন্ড পেস্ট মিউজিয়াম, প্রেসক্রিপশন পেড, ইত্যাদির সুব্যবস্থা করা হয়েছে। এগুলোর মাধ্যমে কৃষকগণ সরাসরি উপকৃত হচ্ছেন এবং কৃষকদের উদ্বুদ্ধকরণ কার্যক্রমে এগুলোর কার্যকর ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। ফিয়াক পরিদর্শনকারী কৃষকদেরকে প্রেসক্রিপশন পেডের মাধ্যমে সমস্যাভিত্তিক লিখিত পরামর্শ প্রদান এনএটিপিপি২-ডিএই এর একটি বিশেষ কার্যকর সংযোজন এবং এতে কৃষকগণের মাঝে ফিয়াকের প্রতি আস্থা ও সন্তুষ্টি বিশেষভাবে বৃদ্ধি পেয়েছে। কৃষকদের দোরগোড়ায় থেকে চাহিদাভিত্তিক ও সন্তোষজনক সম্প্রসারণ সেবা প্রদানের কারণে ফিয়াকে জনপ্রিয়তা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে, তথ্য পর্যালোচনায় দেখা যায় যে বর্তমানে প্রতিদিন গড়ে ১৪ জন কৃষক প্রত্যক্ষ বা পরোক্ষ সংযোগের মাধ্যমে ফিয়াক সেবা গ্রহণ করে থাকেন। ফিয়াকে কৃষকদের রেকর্ডকৃত সমস্যাসমূহের মধ্যে রোগ-পোকার আক্রমণ, প্রতিকুল বাজার ব্যবস্থা, উৎপাদিত পণ্যের নিম্ন বাজার দর, ফসলের ঘাতসহনশীল জাতের চাহিদা, ইত্যাদি উল্লেখযোগ্য।

ঞ. পরিবেশ ও সামাজিক সুরক্ষা

পরিবেশ ও সামাজিক সুরক্ষা বিষয়ক উপস্থাপনায় জনাব সিদ্দিকী ও সদস্য-সচিব উল্লেখ করেন যে প্রকল্পে পরিবেশ ও সামাজিক সুরক্ষায় বিশেষ গুরুত্ব প্রদানের ভিত্তিতে বিশেষ কার্যক্রমও গ্রহণ করা হয়ে থাকে। গুরুত্ব প্রদান বিশেষ দিকগুলো হলো-ভূমির অনুর্বরতা রোধ, সেচ পানির পরিমিত ব্যবহার, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, ক্লাইমেট স্মার্ট ফসলের জাত চাষ, উত্তম কৃষি চর্চার প্রয়োগ, ভূমির লবণাক্ততা অভিযোজন, মূল্য সংযোজন ও ফসল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, মহিলা ও নৃ-গোষ্ঠির অংশগ্রহণ ও ক্ষমতায়ন, ইত্যাদি। এ প্রসংগে তিনি বিশেষ গুরুত্বের সাথে উল্লেখ করেন যে প্রকল্পের সকল কার্যক্রমে ৩৫% নারী কৃষকের অংশগ্রহণ নিশ্চত করা হচ্ছে এবং নৃ-গোষ্ঠিভুক্ত কৃষকদের অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। পরিবেশ সুরক্ষা বিষয়ক আলোচনা পর্বে তিনি উল্লেখ করেন যে প্রকল্পের আওতায় নিম্নোক্ত পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণ সংক্রান্ত প্রদর্শনী বাস্তবায়নের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও জন সচেতনা সৃষ্টির কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে, এবং প্রকল্প এলাকায় এসব কার্যক্রমের ব্যাপক প্রভাব প্রতিফলিত হয়েছে :

কার্যক্রম	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	অর্জিত (%)
১. বসত বাড়িতে ক্লাস্টার আকারে সব্জি বাগান স্থাপন (পুষ্টি ও নিরাপদ সব্জি উৎপাদন)	৮৫	১০০%	৫৪০	১০০%
২. ক্লাস্টার আকারে ফেরোমন ফাঁদ প্রদর্শনী	১৯০	১০০%	৫৪০	১০০%
৩. কীটনাশকের নিরাপদ প্রয়োগ সরঞ্জাম (যেমন-গ্যাস মাস্ক, গ্লোবস, এপ্রোন, ইত্যাদি) ব্যবহার সংক্রান্ত প্রদর্শনী	৫০০	১০০%	২০০০	১০০%
৪. বৃহত্তর পরিসরে (mass scale) কুইক কম্পোস্ট/ভার্মি কম্পোস্ট উৎপাদন	২৫	১০০%	১০০	১০০%

ট. আইসিটি কার্যক্রম

প্রকল্পের আওতায় আইসিটি বিষয়ক যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে ও বহুল ব্যবহৃত আবস্থায় রয়েছে- তার একটি তথ্য চিত্র জনাব সিদ্দিকী সভায় উপস্থাপন করেন। তিনি অবগত করেন যে প্রকল্পে আইসিটি এর আওতায় বাস্তবায়িত ও ব্যবহৃত কার্যক্রমের মধ্যে রয়েছে- ১। website:http://www.natp2dae.gov.bd/,২। Farmers' Blog: http://info.natp2dae.gov.bd/dae/dae-blog, ৩। Face Book Page: PIU-NATP2-DAE, ৪। Mobile tabs with 4G SIM & 5 GB data package, ৫। Pico Projectors, ৬। Video Success Stories, ইত্যাদি।

ঠ. প্রকল্প কার্যক্রমে কোভিড-১৯ সংকটের প্রভাব

এনএটিপিপি২-ডিএই এর পরিচালক ও কমিটির সদস্য-সচিব জনাব সিদ্দিকী চলমান কোভিড-১৯ সংকটকালীন প্রকল্প এবং মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রমে প্রকল্পের তরফ হতে গৃহীত ব্যবস্থাদি ও ব্যবস্থাপনা সম্পর্কিত সংক্ষিপ্ত উপস্থাপনায় উল্লেখ করেন যে-

- কোভিড সংকটের প্রাথমিক পর্যায়েই কয়েক দফায় পিআইইউ-এনএটিপিপি২-ডিএই হতে যথাযথ স্বাস্থ্য বিধিমালা অনুসরণ ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রকল্প কার্যক্রম পরিচালনা ও কৃষকদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/এসএএও এবং সিআইজি কৃষকদের উদ্দেশ্যে বিস্তারিত নির্দেশমালা প্রেরিত হয়।

- কোভিড-১৯ প্রভাবে সাময়িকভাবে বাধাগ্রস্ত সিআইজি মাসিক সভা, নিয়মিত সঞ্চয়ের কিস্তি পরিশোধ, আয় বর্ধনশীল কাজে সঞ্চয় বিনিয়োগ, ইত্যাদি সহ সিআইজি'র মবিলাইজেশন বিশেষ ব্যবস্থায় পরিচালনার জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা হয়।
- এআইএফ-২/এআইএফ-৩ উপ-প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি/সরঞ্জাম যেমন- রিপার/হার্ভেস্টার, থ্রেসার, পাওয়ার টিলার চালিত ভ্যান, পিক-আপ ভ্যান, পাওয়ার টিলার, ইত্যাদি বোরো ফসল কর্তন, মাড়াই, পরিবহন; উৎপাদিত পণ্যাদি বাজারজাতকরণ এবং খরিপ-১ মৌসুমের চাষাবাদে কার্যে যথোচিত ব্যবহার নিশ্চিত করা হয়।
- খরিপ-১ মৌসুমের প্রদর্শনী উপকরণ কৃষকের দোরগোড়ায় পৌছে দেয়া হয় এবং প্রকল্পভুক্ত কৃষক প্রশিক্ষণ কার্যক্রম কৃষকের দোরগোড়ায় নির্বাচিত সুবিধাযুক্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক পরিচালিত হয়।
- কোভিড-১৯ সংকটের কারণে বোরো ফসল কর্তন ও উৎপাদিত পণ্যাদি বাজারজাত সংক্রান্ত সমস্যার অভিজ্ঞতার আলোকে এআইএফ-২ এবং এআইএফ-৩ উপ-প্রকল্পে রিপার/কম্বাইন্ড হার্ভেস্টার, পিক-আপ ভ্যান, ইত্যাদি অন্তর্ভুক্তকরণে সিআইজি ও উদ্যোক্তগণকে উদ্বুদ্ধকরণের বিশেষ কার্যক্রম গৃহীত হয়।
- উৎপাদিত পণ্যাদি বাজারজাতকরণে সিআইজি কৃষকদের সংগঠিত করে যৌথ বাজার কার্যক্রমের উদ্যোগ গৃহীত হয় এবং ফড়িয়া, পাইকার, ইত্যাদির সাথে সিআইজি কৃষকের সংযোগ সৃষ্টি করে দেয়া হয়।
- ইলেকট্রনিক যন্ত্রপাতি যেমন-মোবাইল/স্মার্ট ফোন, মোবাইল ট্যাব, ইত্যাদির ব্যবহার এবং আধুনিক ডিজিটাল ব্যবস্থা যেমন- অডিও/অডিও-ভিডিও কনফারেন্সিং, ইত্যাদির মাধ্যমে বিশেষ উদ্যোগ গ্রহণ করে প্রকল্প কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি ও বজায় রাখাসহ মনিটরিং জোরদারকরণ, প্রতিবেদন সংগ্রহ, মাঠ সমস্যার নিরিখে যথাযথ কার্যক্রম গ্রহণ, সিআইজি কৃষকের সাথে সংযোগ রক্ষার মাধ্যমে প্রযুক্তি প্রচারণা ও সিআইজি'র সাংগঠনিক তৎপরতা বৃদ্ধি, উপকরণাদির প্রাপ্যতা নিশ্চিতকরণ, উপকরণ বিক্রেতা/ডিলার/ট্রেডারের সাথে সংযোগ সাধন, বিভাগীয় কর্মকর্তা ও প্রকল্পের স্টেকহোল্ডারদের সাথে সমন্বয়, ইত্যাদি কার্যক্রমে বিশেষ ভূমিকা পালন করা হয়।

ড. এনএটিপি২-ডিএই এর স্ট্রেটেজিক পার্টনার হর্টেক্স ফাউন্ডেশনের ভ্যালু চেইন ও বাজার ব্যবস্থা উন্নয়ন সংশ্লিষ্ট কাজের অগ্রগতি

জনাব সিদ্দিকী এনএটিপি২-ডিএই এর স্ট্রেটেজিক পার্টনার হর্টেক্স ফাউন্ডেশনের ভ্যালু চেইন ও বাজার ব্যবস্থা উন্নয়ন সংশ্লিষ্ট নিম্নরূপ অগ্রগতি সভায় উপস্থাপন করেন:

ড.১ ডিএই কর্মকর্তা, এসএএও, এলবিএফ, ট্রেডারের প্রশিক্ষণ (জন-দিবস)

অর্থ বছর	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	সর্বমোট
লক্ষ্যমাত্রা	-	৩০০০	১৪০২৭	৩৬১৪	৭৪৪০	২০৬৪১
প্রকৃত অর্জন	-	২৮১৯ (১৪%)	৯২২৬ (৬৫%)	২৩৩৭ (৬৫%)	-	১৪৩৮২ (৭০%)

ড.২ বাজার ব্যবস্থার উন্নয়ন (Market access)

অর্থ বছর	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	মন্তব্য
লক্ষ্যমাত্রা (ক্রমঃবর্ধিত)	২	১০	৩১	৫৫	৬০ (সর্বমোট)	সিসিএমসি-৩০টি সিপি-২০টি, বাজার উন্নয়ন-১০টি
প্রকৃত অর্জন (ক্রমঃবর্ধিত)	২	৯	৩১	৩৪ (জুন ২০২০ পর্যন্ত)		সিসিএমসি-৩০টি সিপি-৪টি

ড.৩ হর্টেক্স ফাউন্ডেশন সৃষ্ট বাজার ব্যবস্থায় (সিসিএমসি ও সিপি) বাজারজাতকৃত পণ্যাদির বিবরণ

পরিমাণ:টনে

অর্থ বছর	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	সর্বমোট
লক্ষ্যমাত্রা	১০০	১০০০	৩০০০	৫০০০	৫৯০০	১৫০০০
প্রকৃত অর্জন	১০০	৯৬৫.৩১	৫০৭২.৩	৭২২২.৮৬		১৩৯৬০.৪৯ (৯৩%)

বাজারজাতকৃত ১৩৯৬০.৪৯ টনের মধ্যে রয়েছে- বেগুন, করলা, মিষ্টি কুমড়া, পটল, চিচিঙ্গা, চাল কুমড়া, লাউ, আলু, মরিচ, পেঁপে, ফুলকপি, বাঁধাকপি, টমেটো, কলা, লেবু, পেয়ারা, কূল সহ ৫৬টি পণ্য; তন্মধ্যে বিদেশে যেমন-মালয়েশিয়া, দুবাই, কাতার, সৌদি আরব, ইত্যাদি দেশে বেগুন, চাল কুমড়া, করলা, লাউ, লেবু, ইত্যাদি রপ্তানির পরিমাণ ১৩৩৮ টন।

ড.৪ স্ট্রেটেজিক পার্টনার হর্টেক্স ফাউন্ডেশনের প্রকিউরমেন্ট অগ্রগতি

সেবা	২০১৬-১৬	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	মন্তব্য
গুডস্ (প্যাকেজ)	৩	৬	১১	৫	৩টি ওয়ার্ককস্ প্যাকেজ ডিপিপি রিভিশনের পর সম্পন্ন করা হবে।
সার্ভিসেস (প্যাকেজ)	-	১১	৩	১	

ড.৫ স্ট্রেটেজিক পার্টনার হর্টেক্স ফাউন্ডেশনের আর্থিক ব্যয় অগ্রগতি (লক্ষ টাকায়)

	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	মোট
আরএডিটি বাজেট	২২.৪০	২৩৩.০০	৪৫০.০০	৩৭০.০০	১০৭৫.৪০
ব্যয়ের পরিমাণ (টাকায়)	১৯.৭০	১৯৮.৭১	৪৩০.৯৯	২৮৭.১৪	৯৩৬.৫৫
ব্যয়ের পরিমাণ (%)	৮৮%	৮৬%	৯৬%	৭৮%	৮৭%

ঢ. এনএটিপি২-ডিএই এর প্রকিউরমেন্ট অগ্রগতি (হর্টেক্স ফাউন্ডেশন বাদে)

সেবা ক্রয়	ইউনিট	আরএডিপি ২০১৯-২০		ডিপিপি	
		লক্ষ্যমাত্রা	অর্জিত	লক্ষ্যমাত্রা	অর্জিত
গুডস্	প্যাকেজ	৫	৫	৪০	৩৫ (৮৮%)
ওয়ার্কস্	প্যাকেজ	-	-	১১	৩ (২৭%)
সার্ভিসেস	প্যাকেজ	১	১	১৮	১৪ (৭৮%)
মোট	প্যাকেজ	৬	৬	৬৯	৫২ (৭৫%)

ণ. এনএটিপি২-ডিএই এর আর্থিক অগ্রগতি (হর্টেক্স ফাউন্ডেশন সহ) লক্ষ টাকায়

আরএডিপি বাজেট ২০১৯-২০				ব্যয়ের পরিমাণ				ক্রমঃঅগ্রগতি			
আরপিএ		জিওবি	মোট	আরপিএ		জিওবি	মোট	আরপিএ		জিওবি	মোট
আইডিএ	ইফাদ			আইডিএ	ইফাদ			আইডিএ	ইফাদ		
৮৫৮৮.৮০	১১৭১.২০	২২৫	৯৯৮৫	৮০০৫.৫২	১০৯১.৬৬	১৯৩.৫৫	৯২৯০.৭৩	৩২৩৯৬.৩৫	৪৪১৭.৬৮	১৫৯৪.৭৬	৩৮৪০৮.৭৯
				৯৩%	৯৩%	৮৬%	৯৩%	৭৪%	৭৪%	৫২%	৭৩%

- আইডিএ-৮৮%, ইফাদ-১২%

বিষয় সূচি ৩: বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (এডিপি) ২০২০-২১ উপস্থাপন

অতঃপর জনাব সিদ্দিকী, পরিচালক, পিআইইউ-এনএটিপি২-ডিএই ও সদস্য-সচিব, পিআইসি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উনয়ন পরিকল্পনা (এডিপি) ২০২০-২১ সভায় উপস্থাপন করেন- বিবরণ নিম্নরূপ:

৩.১ আর্থিক লক্ষ্যমাত্রা (আরপিএ-৮৮%, ইফাদ-১২%)

ক. রেভিনিউ খাত

ক্র/নং	খাত	এডিপি ২০২০-২১ বরাদ্দ চাহিদা (লক্ষ টাকায়)		
		আরপিএ	জিওবি	মোট
১	কর্মকর্তাদের বেতন	৪.৮০	৬২.০০	৬৬.৮০
২	কর্মচারীদের বেতন	১০৪.৬৪	৩.২৫	১০৭.৮৯
৩	ভাতাদি	৪.২০	৫৯.৭৫	৬৩.৯৫
৪	সরবরাহ ও সেবা (প্রশিক্ষণ, প্রদর্শনী, ইত্যাদি)	৩৫৮৫.৭৪	১২৫.০০	৩৭১০.৭৪
৫	মেরামত ও রক্ষণাবেক্ষণ	২০৯.৬২	-	২০৯.৬২
৬	এআইএফ-২ ও এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট	২৭০০.০০	-	২৭০০.০০
	রেভিনিউ- মোট	৬৬০৯.০০	২৫০.০০	৬৮৫৯.০০

খ. মূলধন খাত

ক্র/নং	খাত	এডিপি ২০২০-২১ বরাদ্দ চাহিদা (লক্ষ টাকায়)		
		আরপিএ	জিওবি	মোট

৭	অ্যাসেট প্রকিউরমেন্ট	২১.০০	১০০.০০	১২১.০০
৮	নির্মাণ ও পুর্ত কাজ (জেলা অফিস)	২৭০.০০	-	২৭০.০০
	মূলধন- মোট	**২৯১.০০**	**১০০.০০**	**৩৯১.০০**
সর্বমোট: রেভিনিউ + মূলধন		**৬৯০০.০০**	**৩৫০.০০**	**৭২৫০.০০**

নোট: স্ট্রেটেজিক পার্টনার হর্টেক্স ফাউন্ডেশনের ব্যয় বরাদ্দ বাবদ রেভিনিউ খাত হতে ৪৩০.০০ লক্ষ টাকা এবং মূলধন খাত হতে ১০.০০ লক্ষ টাকা সর্বমোট ৪৪০.০০ লক্ষ টাকা অত্র বাজেট বিবরণীতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩.২ বার্ষিক কর্ম পরিকল্পনা ২০২০-২১ ৩.২ বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০২০-২১

কার্যক্রম	ইউনিট	লক্ষ্যমাত্রা
ক) সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন		
• সিআইজি মাইক্রো সম্প্রসারণ পরিকল্পনা	সংখ্যা	২৭১৫০
• ইউনিয়ন সম্প্রসারণ পরিকল্পনা	সংখ্যা	২৭১৫
• উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা	সংখ্যা	২৭০
খ) সমন্বয় কমিটির সভা		
• ইউইসিসি সভা: সম্প্রসারণ পরিকল্পনা অনুমোদন	সংখ্যা	২৭০
• ইউইসিসি সভা	সংখ্যা	১০৮০
• ডিইসিসি সভা	সংখ্যা	২২৮
গ) প্রশিক্ষণ কার্যক্রম		
• সিআইজি কৃষক প্রশিক্ষণ	ব্যাচ সংখ্যা	ডিএই- ৬১৬৫, হর্টেক্স ফাউন্ডেশন-২৪৮
• ডিএই কর্মকর্তাদের টিওটি	ব্যাচ সংখ্যা	৩
• এসএএও প্রশিক্ষণ	ব্যাচ সংখ্যা	৩০
ঘ) কর্মশালা		
• আঞ্চলিক কর্মশালা: অগ্রগতি পর্যালোচনা	সংখ্যা	৮
ঙ) প্রদর্শনী কার্যক্রম		
• প্রযুক্তি প্রদর্শনী	সংখ্যা	৬৪৮৩
• কমিউনিটি বীজ উৎপাদন প্রদর্শনী	সংখ্যা	২৬১১
চ) ভ্যালিডেশন ট্রায়াল		
ছ) মাঠ দিবস ও এক্সপোজার ভিজিট		
• মাঠ দিবস	সংখ্যা	১৪৯২
• এক্সপোজার ভিজিট	সংখ্যা	২৭০
জ) এআইএফ-২ ও এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট		
• এআইএফ-২	সাব-প্রজেক্ট সংখ্যা	৫৫০
• এআইএফ-৩	সাব-প্রজেক্ট সংখ্যা	১০০
ঝ) ডিএই উদ্যান নার্সারিতে মানসম্মত ও উন্নত জাতের চারা/কলম উৎপাদন		এল/এস
ঞ) নির্মাণ কাজ		
• উপ পরিচালকের কার্যালয় কাম প্রশিক্ষণ কেন্দ্র	সংখ্যা	৩ (আংশিক)
• হর্টিকালচার সেন্টারে ভূমি উন্নয়ন	সংখ্যা	১১ (আংশিক)
• টিস্যু কালচার ল্যাব নির্মাণ	সংখ্যা	২ (আংশিক)

ক্র/নং	ক্রয়ের খাত	ইউনিট	লক্ষ্যমাত্রা	
			ডিএই পার্ট	হর্টেক্স ফাউন্ডেশন পার্ট
১	গুডস্	প্যাকেজ	৭	৫
২	ওয়ার্কস্	প্যাকেজ	১	-
৩	সার্ভিসেস্	প্যাকেজ	১	-
	মোট	প্যাকেজ	৯	৫

অতঃপর কমিটির সদস্য-সচিব জনাব আজহারুল ইসলাম সিদ্দিকী উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে উপস্থাপনা সমাপ্ত করেন।

আলোচনা: আলোচনার প্রারম্ভে পিআইইউ-এনএটিপি২-ডিএই প্রকল্প অঙ্গে নব দায়িত্বপ্রাপ্ত পরিচালক এবং অত্র কমিটির সদস্য-সচিব জনাব আজহারুল ইসলাম সিদ্দিকীকে স্বাগত জানানো হয়।

অতঃপর প্রকল্প কার্যক্রমের হাল-নাগাদ অগ্রগতি এবং প্রাপ্ত ফলাফল পর্যালোচনায় সকল সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন। পরবর্তী পিআইসি সভাসমূহের উপস্থাপনায় চলমান অগ্রগতির পাশাপাশি পূর্ববর্তী সভাকালীন অর্জিত কার্যক্রমের তথ্যাদি উপস্থাপনার বিষয়ে আলোচনা হয় এবং পরিচালক, এনএটিপি২-ডিএই কে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

সভায় ২০১৬ সালে জারীকৃত পরিপত্র অনুযায়ী পিআইসি ও জেপিএসসি সভা সময়মত অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। পরিচালক, এনএটিপি২-ডিএই অবগত করেন যে জেপিএসসি এর সভা এনএটিপি২-পিএমইউ কর্তৃক আয়োজন করা হয়ে থাকে এবং অত্র প্রকল্প অঙ্গে বছরে ন্যূনতম চারটি পিআইসি সভা আহ্বানের বিষয়ে উল্লেখ আছে। ফসলি মৌসুম, কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও জোরদারকরণ, ইত্যাদি বিষয় বিবেচনাপূর্বক কমিটির সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পে নির্ধারিত/প্রয়োজনীয় সংখ্যক পিআইসি সভা আহ্বানের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই অনুরোধ জানানো হয়।

সভায় পিআইসি-তে সদস্য কো-অপ্ট করণের বিষয়ে আলোচনা হয়। পর্যালোচনায় উঠে আসে যে বর্তমানে প্রকল্পে নির্ধারিত ও সুনির্দিষ্টভাবে নয় সদস্যের সমন্বয়ে গঠিত পিআইসি নিম্নরূপ:

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- চেয়ারম্যান
২. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- সদস্য
৩. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- সদস্য
৪. প্রতিনিধি, পিএমইউ, এনএটিপি-২ - সদস্য
৫. ম্যানেজিং ডিরেক্টর, হর্টেক্স ফাউন্ডেশন- সদস্য
৬. প্রতিনিধি, আএমইডি-সদস্য
৭. ডিপুটি চিফ/সিনিয়র এসিষ্ট্যান্ট চীফ/এসিষ্ট্যান্ট চীফ -কৃষি মন্ত্রণালয়-সদস্য
৮. ডিপুটি চিফ/সিনিয়র এসিষ্ট্যান্ট চীফ/এসিষ্ট্যান্ট চীফ (ক্রপ)- প্লানিং কমিশন- সদস্য
৯. পরিচালক, পিআইইউ-ডিএই, এনএটিপি ফেজ-২- সদস্য সচিব

পরিকল্পনা কমিশনের ফসল উইং এর উপ প্রধান অক্টোবর, ২০১৬ সালে জারীকৃত পরিপত্র অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন/সদস্য কো-অপ্ট করতে হবে মর্মে সভায় উত্থাপন করেন এবং আলোচনা হয় যে, পিআইসি তে পরিপত্র অনুযায়ী সদস্য কো-অপ্ট করার বিষয়টি পিআইসি কমিটির চেয়ারম্যান কর্তৃক রেজুলেশন জারী করার সাথেই অনুমোদিত হয় মর্মে বিবেচনা করতে হবে।

সভায় পূর্ত ও ভূমি উন্নয়ন কাজের অগ্রগতি সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয় এবং পূর্ত ও ভূমি উন্নয়ন কাজের পর্যবেক্ষণ ও মনিটরিং এর ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্লানিং কমিশনের ডিপুটি চিফ, কৃষি মন্ত্রণালয়ের ডিপুটি চিফ এবং ডিএই এর প্লানিং উইং এর একজন কর্মকর্তার সমন্বয়ে মোট তিন সদস্যের একটি মনিটরিং কমিটি গঠনের প্রস্তাব সভায় উপস্থাপিত হয়।

প্রকল্পভুক্ত প্রযুক্তিসমূহের কার্যকর বিস্তারে যথোচিত ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে বিশেষভাবে অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে এনএটিপি২-ডিএই প্রকল্প উদ্যোগে ভার্মি কম্পোস্ট প্রযুক্তি বিস্তার জনপ্রিয়করণ ও বহুল উৎপাদনে ভূমিকা পালনের জন্য টিম সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। প্রকল্পভুক্ত ১২টি ফসলের (ধান, গম, টমেটো, বেগুন, কলা, মুসুর, সরিষা, ভুট্টা-, আলু, পিঁয়াজ, রসুন ও মুগ) উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত ব্যবস্থা ও বর্তমান অগ্রগতি পরিস্থিতি সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয় এবং প্রকল্প নির্ধারিত উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে সর্বোত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তী সভায় ফসলভিত্তিক বাস্তব অগ্রগতি ও প্রাপ্ত ফলাফল উপস্থাপনার জন্যও অনুরোধ করা হয়।

সংকটের প্রভাব যাতে কোন ক্রমেই কৃষিতে তথা ফসল উৎপাদনে প্রতিফলিত না হয় সেজন্য বিশেষ তৎপরতা ও সতর্ক ব্যবস্থাপনার সাথে মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প টিমকে অনুরোধ করা হয়।

এআইএফ-২ এবং এআইএফ-৩ উপ-প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি/সরঞ্জামসমূহের সুদক্ষ ব্যবস্থাপনা এবং সিআইজি/নন-সিআইজি কৃষক নির্বিশেষে কার্যকর ব্যবহার নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে এআইএফ -২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্পের আওতায় পাওয়ার টিলার নিরুৎসাহিত করে কম্বাইন্ড হার্ভেস্টার/রিপারসহ নব উদ্ভাবিত যন্ত্রপাতি এবং এআইএফ-৩ উপ-প্রকল্পের আওতায় বাজার সুবিধার নিমিত্ত পরিবহন ভ্যান/গাড়ি ক্রয়ে সিআইজি কৃষক এবং উদ্যোক্তাগণকে উৎসাহিতকরণের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

আলোচনা পর্বে সভার সভাপতি তথা মহাপরিচালক, ডিএই মহোদয় সিআইজি সমূহের মবিলাইজেশন বৃদ্ধির লক্ষ্যে বিশেষ কার্যকর ব্যবস্থা জন্য নির্দেশনা প্রদান করেন এবং কোভিড-১৯ এর সংকটকালে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ ও শারীরিক দূরুত্ব রক্ষা করে মবিলাইজেশন কার্যক্রমের ধারা যেমন-সিআইজি মাসিক সভা, নিয়মিত সঞ্চয়ের কিস্তি পরিশোধ, আয়বর্ধন কাজে বিনিয়োগ, শতভাগ সিআইজি নিবন্ধন, প্রযুক্তি চর্চা/প্রয়োগ ও বিস্তার, এসএএও-সিআইজি সংযোগ বৃদ্ধি, ইত্যাদি অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রতি গুরুত্ব প্রদান করেন।

মহাপরিচালক মহোদয় প্রকল্প এলাকায় জাতভিত্তিক বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সম্প্রসারণের জন্য তাগিদ দেন। তিনি আরও উল্লেখ করেন যে যথাযথ বাজার ব্যবস্থার অভাবে উৎপাদিত পণ্যাদি বাজারজাতকরণে কৃষকগণ প্রায়শই সমস্যার মুখোমুখি হন, পণ্যের উপযুক্ত বাজারদর হতেও তাদেরকে বঞ্চিত হতে হয়, তাছাড়া সময়োচিত যথাযথ বাজার ব্যবস্থার অভাবে ফসলের সংগ্রহোত্তর ক্ষতিও বৃদ্ধি পায়। এ অবস্থায় বিশেষ করে কোভিড-১৯ সংকটকালীন কৃষকদের পাশে থেকে সকল প্রকার সহযোগিতা প্রদানের জন্য মহাপরিচালক তথা সভাপতি মহোদয় প্রকল্প সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কোভিড-১৯ সংকটকালেও হর্টেক্স ফাউন্ডেশনের সিসিএমসি কর্ম তৎপরতা ও বাজার কার্যক্রমে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মহাপরিচালক তথা সভাপতি মহোদয় সমাপ্তি বক্তব্যে প্রকল্প কার্যক্রমের উল্লেখযোগ্য আউট-পুট/আউট-কাম/ইম্পেক্ট অর্জনের প্রতিও বিশেষ গুরুত্ব প্রদান করেন।

২০২০-২১ অর্থ বছরের উপস্থাপিত বাজেট এবং কর্ম/ক্রয় পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে পরিচালক, এনএটিপি২-ডিএই উপস্থাপিত বাজেটের বিস্তারিত যৌক্তিকতা উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে সরকার গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২০২০-২১ অর্থ বছরের বাজেটে বিদেশ ভ্রমন সংক্রান্ত কোন কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয় নাই। সার্বিক বিষয় আলোচনা ও বিবেচনান্তে কমিটির সকল সদস্য সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বাজেট এবং কর্ম/ক্রয় পরিকল্পনা অনুমোদনের জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

আলোচনা পর্বে সভাপতি মহোদয় প্রকল্প কার্যক্রমের সার্বিক তথ্যাদি সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং বাস্তবায়িত কার্যক্রমসমূহের ডাটা বেজ প্রস্তুত ও সংরক্ষণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে ও সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তবলি গৃহীত হয়:

১. সভায় উপস্থাপিত প্রকল্প কার্যক্রমের বাস্তব ও আর্থিক অগ্রগতি এবং প্রাপ্ত ফলাফলে কমিটির সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন

২.পরবর্তী পিআইসি সভাসমূহের উপস্থাপনায় প্রকল্প কার্যক্রমের চলমান অগ্রগতির পাশাপাশি পূর্ববর্তী সভাকালীন অর্জিত কার্যক্রমের তথ্যাদি/বিবরণ উপস্থাপনার জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে অনুরোধ জানানো হয়।

৩. ২০১৬ সালে জারীকৃত পরিপত্র অনুযায়ী ফসলি মৌসুম, কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও জোরদারকরণ, প্রকিউরমেন্ট প্লান, ট্রেনিং প্লান ইত্যাদি বিষয় বিবেচনাপূর্বক কমিটির সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পে নির্ধারিত ন্যূনতম চারটি বা প্রয়োজনীয় সংখ্যক পিআইসি সভা যথাসময়ে আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. চলমান কোভিড-২ সংকটকালে স্বাস্থ্য ঝুঁকির মাঝেও প্রকল্প কার্যক্রমে প্রকল্প ইউনিট ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/এসএএও-দের একাগ্রতার জন্য ধন্যবাদ জানানো হয়।

৫. কোভিড-২ সংকটের কারণে যাতে কোনক্রমেই ফসলের উৎপাদন এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জন ব্যাহত না হয় সেদিকে বিশেষভাবে যত্নবান হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

৬. সিআইজি মবিলাইজেশন এবং প্রযুক্তি গ্রহণ/বিস্তার ও উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রমে কৃষকদের উদ্বুদ্ধকরণ এবং সংশ্লিষ্ট বিষয়ে তদারকি ও মনিটরিং জোরদারকরণের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

৭. এআইএফ-২ উপ-প্রকল্পে পাওয়ার টিলার এর গুরুত্ব কমিয়ে কম্বাইন্ড হার্ভেস্টার, রিপার, ইত্যাদি নব উদ্ভাবিত যন্ত্রপাতি/সরঞ্জাম অন্তর্ভুক্তির জন্য সিআইজি সমূহকে উদ্বুদ্ধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮. প্রকল্পভুক্ত ১২টি ফসলের (ধান, গম, টমেটো, বেগুন, কলা, মসুর, সরিষা, ভুট্টা-, আলু, পিঁয়াজ, রসুন ও মুগ) লক্ষ্যমাত্রাভিত্তিক

জন্য অনুরোধ জানানো হলো।

৯. নতুন ও সম্ভাবনাময় জাতভিত্তিক সংরক্ষিত বীজের পরিমাণ রেকর্ডভুক্ত করে সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১০. প্রকল্প কার্যক্রমের উল্লেখযোগ্য আউট-পুট/আউট-কাম/ইম্পেক্ট অর্জনের প্রতিও বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

১১. প্রকল্পভুক্ত পূর্ত ও ভূমি উন্নয়ন কাজের অগ্রগতি ও গুণাগুণ পর্যবেক্ষণ ও মনিটরিং এর জন্য প্লানিং কমিশনের ডিপুটি চিফ, কৃষি মন্ত্রণালয়ের ডিপুটি চিফ এবং ডিএই এর প্লানিং উইং এর একজন কর্মকর্তার সমন্বয়ে মোট তিন সদস্যের একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। এতদ্‌বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে অনুরোধ জনানো হলো।

১২. সভায় আলোচনা সাপেক্ষে অক্টোবর, ২০১৬খ্রিঃ তারিখের পরিপত্র অনুযায়ী প্রকল্পে নির্ধারিত নয় সদস্যের পিআইসি-তে সদস্য কো-অপ্ট করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

১৩. বিস্তারিত পর্যবেক্ষণ এবং আলোচনা-পর্যালোচনান্তে সংগতিপূর্ণ বিবেচিত হওয়ায় প্রস্তাবিত এডিপি বাজেট ২০২০-২১ উপস্থাপিত বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ অনুমোদন করা হলো এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে অনুরোধ জনানো হলো।

১৪. সিদ্ধান্ত গৃহীত হয় যে সরকার নির্দেশিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২০২০-২১ অর্থ বছরের বাজেটে বিদেশ ভ্রমন সংক্রান্ত কোন কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা যাবে না।

১৫. প্রকল্প কার্যক্রমের সার্বিক তথ্যাদি সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্ব আরোপনান্তে বাস্তবায়িত কার্যক্রমসমূহের ডাটা বেজ প্রস্তুত ও সংরক্ষণের জন্য পরিচালক, এনএটিপি২-ডিএই কে অনুরোধ জানানো হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ আবদুল মুঈদ
মহাপরিচালক

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.১৪.০৭৩.১৯.১২৭

তারিখ: ২ ভাদ্র ১৪২৭
১৭ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (রুটিন দায়িত্ব), সরেজমিন উইং , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
২) যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
৩) পরিচালক, প্রকল্প/কর্মসূচীর দপ্তর, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
৪) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
৫) পরিচালক, পরিচালক (কৃষি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) উপ-প্রধান, ফসল উইং, পরিকল্পনা কমিশন

ড. এম সাহাব উদ্দিন
পরিচালক